



তথ্য বিবরণী

নম্বর: ৬৬

**ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলার ৫০টি উন্নয়নকাজের
ফলক স্থাপন করেছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী**

ময়মনসিংহ (মঙ্গলবার, ১৪ নভেম্বর, ২০২৩ খ্রি.):

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৫০টি উন্নয়ন কাজের ফলক স্থাপন করেছেন। মুক্তাগাছা উপজেলা প্রশাসনের আয়োজনে আজ মঙ্গলবার (১৪ নভেম্বর) উপজেলা প্রশাসন কার্যালয় চত্বরে ফলক স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব উন্নয়ন কাজের ফলক স্থাপন করেন তিনি।

সরকারের বিভিন্ন প্রকল্পের আওতায় প্রায় ৭৫ কোটি টাকা ব্যয়ে এ উন্নয়ন কাজগুলো বাস্তবায়িত হচ্ছে। মুক্তাগাছা উপজেলার বিভিন্ন ইউনিয়নের প্রায় ৩৫ কিলোমিটার রাস্তা ও অন্যান্য উন্নয়ন কার্যক্রম এর অন্তর্ভুক্ত রয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে সংস্কৃতি প্রতিমন্ত্রী বলেন, একসাথে এতগুলো কাজের উদ্বোধনের প্রেরণা প্রধানমন্ত্রী শেখ হাসিনা, যিনি বিভিন্ন সময়েই একসাথে বহু উন্নয়নকাজের উদ্বোধন করেছেন। একসাথে এতগুলো উন্নয়নকাজের উদ্বোধন সহজ কথা নয়। এই ৫০টির বাইরেও এ বছরেই, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের আগেই আরো ৫০টি উন্নয়নকাজের উদ্বোধনের সুযোগ রয়েছে বলে এসময় প্রতিমন্ত্রী জানান। তিনি বলেন, নির্বাচিত হলে এবং পরিকল্পিত কাজগুলো সম্পন্ন করতে পারলে আগামী পাঁচ বছরে মুক্তাগাছা একটি স্বয়ংসম্পূর্ণ, আধুনিক উপজেলা হবে। উন্নয়ন কাজকে চলমান রাখতে আগামী জাতীয় নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে আওয়ামী লীগকে আবার নির্বাচিত করতে হবে। বক্তব্য শেষে প্রতিমন্ত্রী ৫০টি উন্নয়নকাজের উদ্বোধন ঘোষণা করেন।

ফলক স্থাপন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুক্তাগাছা উপজেলা নির্বাহী কর্মকর্তা এ কে এম লুৎফর রহমান। অন্যান্যদের মধ্যে মুক্তাগাছা পৌরসভার মেয়র বিল্লাল হোসেন সরকার, ভাইস চেয়ারম্যান আরব আলী, মহিলা ভাইস চেয়ারম্যান মুর্শিদা আক্তার কাকলী, মুক্তাগাছা উপজেলা প্রকৌশলী রফিকুল ইসলামসহ উপজেলার বিভিন্ন ইউনিয়নের প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ মুক্তাগাছা উপজেলার বিভিন্ন পর্যায়ের জনসাধারণ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/দেওয়ান/মনির/হুদা/সজিব/২০২৩/১৭:৩০ ঘন্টা